



ডিন, কলা অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)  
ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২  
E-mail : artsfaculty1921@gmail.com

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ  
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৭-২০১৮

## বিজ্ঞপ্তি

বিজ্ঞান ইউনিটের (মেধাক্রম : ৯৮৪৯ থেকে ১৪৪১৩ পর্যন্ত) এবং বাণিজ্য ইউনিটের (মেধাক্রম : ৬৩৭৪ থেকে ৭৮৭৯ পর্যন্ত) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী (উল্লিখিত মেধাক্রমভুক্ত) যথাক্রমে বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ শাখা থেকে মেধা তালিকায় স্থান পেয়ে পছন্দক্রম ফরম (Choice Form) পূরণ করেছে অথচ কোনো ইউনিটেই (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট, বিজ্ঞান ইউনিট কিংবা বাণিজ্য ইউনিট) ইতঃপূর্বে বিষয় ও কলেজ মনোনয়ন পায়নি, কিন্তু বর্তমানে বিষয় ও কলেজ মনোনয়ন পেয়েছে তাদের সাক্ষাৎকার আগামী ১০/০২/২০১৮ তারিখ ঢাকা কলেজে অনুষ্ঠিত হবে।

সাক্ষাৎকারের বিস্তারিত সূচি নিম্নরূপ:

তারিখ	সময়	স্থান	মেধাক্রম
১০-০২-২০১৮	সকাল ০৯.০০ টা থেকে দুপুর ০১.০০ টা	ঢাকা কলেজ	বিজনেজ স্টাডিজ শাখা মেধাক্রম ৬৩৭৪ থেকে ৭৮৭৯ বিজ্ঞান শাখা মেধাক্রম ৯৮৪৯ থেকে ১৪৪১৩

### সাক্ষাৎকারের সময় প্রার্থীদের যা অবশ্যই সঙ্গে আনতে হবে

(ক) ভর্তি-পরীক্ষার মূল প্রবেশপত্র; (খ) এস.এস.সি./ সমমান, এইচ.এস.সি./ সমমানের পরীক্ষার মূল মার্কশিট/ গ্রেডশিট; (গ) ওয়েব সাইটে পূরণকৃত বিষয় পছন্দক্রম ফরম প্রিন্ট করে আনতে হবে।

\* সাক্ষাৎকারের সময় প্রার্থীদের এস.এস.সি./ সমমান, এইচ.এস.সি./ সমমান পরীক্ষার মূল মার্কশিট/ গ্রেডশিটসমূহ জমা নেয়া হবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না পর্যন্ত তা ফেরৎ দেয়া হবে না।

\* মূল মার্কশিট/ গ্রেডশিটসমূহ জমা নেওয়ার পূর্বে ভর্তিচ্ছু প্রার্থীদের প্রত্যেকটি মার্কশিট/ গ্রেডশিট-এর পর্যাপ্ত সংখ্যক (অন্তত ১০টি করে) সত্যায়িত ফটোকপি নিজের কাছে রাখতে হবে যা পরবর্তীকালে ভর্তির সময় প্রয়োজন হবে।

বি.দ্র. বিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটে পরীক্ষা দিয়ে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের পছন্দক্রম ফরম পূরণ করেছে এমন যেসকল শিক্ষার্থী ত্রুটিপূর্ণ পছন্দক্রম ফরম পূরণ করার কারণে কিংবা মেধাক্রমে পিছিয়ে থাকার কারণে এখন পর্যন্ত কোনো বিষয় বা কলেজ মনোনয়ন পায়নি তাদেরকে মেধাক্রম অনুসারে আগামী ১৭/০২/২০১৮ তারিখে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সাক্ষাৎকারের জন্য উপস্থিত হওয়ার পূর্বে তাদের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলি ওয়েবসাইটে দেখে আসতে বলা হচ্ছে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট